# বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন
# (পেট্রোবাংলা)

**"বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর ১৩তম-২০তম গ্রেডের বিভিন্ন পদে সরাসরি কর্মচারি নিয়োগে প্রার্থী বাছাই নীতিমালা, ২০২৫"**

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) পরিচালনা পর্ষদের ০৪ আগস্ট, ২০২৫ তারিখে অনুষ্ঠিত ৬১২তম সভার অনুমোদন মোতাবেক এ নীতিমালা প্রবর্তন করা হলো।

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
৩, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫।

**"বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর ১৩তম-২০তম গ্রেডের বিভিন্ন পদে সরাসরি কর্মচারি নিয়োগে প্রার্থী বাছাই নীতিমালা, ২০২৫"**

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর ১৩তম-২০তম গ্রেডের বিভিন্ন পদে সরাসরি কর্মচারি নিয়োগের নিমিত্ত পেট্রোবাংলা নিয়োগ নীতিমালা-১৯৯৩ অনুসরণ করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হচ্ছে। পেট্রোবাংলা নিয়োগ নীতিমালা-১৯৯৩, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারি) নিয়োগ বিধিমালা, ২০১৪ এবং ২০২০ সালের সংশোধন ও সরকারি বিধি-বিধান/প্রজ্ঞাপন/পরিপত্র ইত্যাদির আলোকে প্রয়োজনীয় সংযোজন/বিয়োজন/পরিবর্তন করে কর্মচারি পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা যাচাইয়ের জন্য একটি হালনাগাদকৃত যুগোপযোগী ও পূর্ণাঙ্গ নীতিমালা করা হলে পেট্রোবাংলার কর্মচারি নিয়োগ প্রক্রিয়াটি আরও সুষ্ঠু ও স্বচ্ছ হবে।

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন আইন, ২০২২ এর ৭ (ঢ) এবং ২৫ নম্বর ধারা মোতাবেক পেট্রোবাংলার ১৩তম-২০তম গ্রেডে সরাসরি কর্মচারি নিয়োগে পেট্রোবাংলার জুনিয়র সিলেকশন কমিটির মাধ্যমে প্রার্থী বাছাই সম্পাদনের লক্ষ্যে নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো:

১। **শিরোনাম:** এ নীতিমালা "বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর ১৩তম-২০তম গ্রেডের বিভিন্ন পদে সরাসরি কর্মচারি নিয়োগে প্রার্থী বাছাই নীতিমালা, ২০২৫" নামে অভিহিত হবে।

২। **সিলেকশন কমিটি গঠন:**

পেট্রোবাংলার ১৩তম-২০তম গ্রেডের বিভিন্ন পদে সরাসরি কর্মচারি নিয়োগের জন্য পেট্রোবাংলা "জুনিয়র সিলেকশন কমিটি" গঠন করবে। উক্ত কমিটি নিয়োগের পদ্ধতি নির্ধারণ এবং নিয়োগ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক নিয়োগযোগ্য শূন্যপদ নির্ধারণ করবে এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রণয়ন করবে। প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাইপূর্বক প্রার্থীদের লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা গ্রহণপূর্বক উপযুক্ত প্রার্থী নির্বাচন করে নিয়োগের জন্য সুপারিশ করবে।

৩। **নিয়োগ প্রক্রিয়া সম্পাদনার্থে কমিটি নিম্নোক্ত পদ্ধতিসমূহ অনুসরণ করবে:**

৩.১। **শূন্যপদ নির্ধারণ:**

৩.১.১। জুনিয়র সিলেকশন কমিটি পেট্রোবাংলার ১৩তম-২০তম গ্রেডের বিভিন্ন পদে সরাসরি কর্মচারি নিয়োগের লক্ষ্যে বাছাইয়ের জন্য অনুমোদিত সাংগঠনিক কাঠামো এবং এ সংক্রান্ত পেট্রোবাংলা ও সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্রের আলোকে শূন্য পদের সংখ্যা নির্ধারণ করবে। জুনিয়র সিলেকশন কমিটি নির্ধারণকৃত শূন্য পদের ভিত্তিতে পেট্রোবাংলা নিয়োগযোগ্য পদের সংখ্যা চূড়ান্ত করবে;

৩.১.২। নিয়োগযোগ্য শূন্যপদ নির্ধারণপূর্বক পেট্রোবাংলা জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে ছাড়পত্র গ্রহণ করবে;

৩.১.৩। পেট্রোবাংলা জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে ছাড়পত্র প্রাপ্ত নিয়োগযোগ্য শূন্যপদের সংখ্যা "জুনিয়র সিলেকশন কমিটি"র নিকট প্রেরণ করবে;

৩.১.৪। "জুনিয়র সিলেকশন কমিটি" প্রার্থী বাছাই প্রক্রিয়া শুরু করবে।

৩.২। **নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ:**

৩.২.১। নিয়োগযোগ্য শূন্যপদের ভিত্তিতে জুনিয়র সিলেকশন কমিটি চাকরির নিয়োগ বিজ্ঞপ্তি প্রণয়ন করবে;

৩.২.২। ১৩তম-২০তম গ্রেডের বিভিন্ন পদে সরাসরি নিয়োগযোগ্য পদ ও পদের বিপরীতে পেট্রোবাংলার অনুমোদিত চাকরি প্রবিধানমালার তফসিল মোতাবেক শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী পেট্রোবাংলা নিয়োগ বিজ্ঞপ্তি চূড়ান্ত করবে;

৩.২.৩। পেট্রোবাংলার অনুমোদনক্রমে উক্ত নিয়োগ বিজ্ঞপ্তি কমপক্ষে দুটি বহুল প্রচারিত জাতীয় পত্রিকায় (বাংলা ও ইংরেজি) প্রকাশ করবে। পাশাপাশি পেট্রোবাংলার ওয়েবসাইটে প্রকাশ করবে।

৪। কমিটি নিজস্ব ব্যবস্থাপনায়/টেলিটক বাংলাদেশ লিমিটেড/সরকার অনুমোদিত সমমানের অন্য প্রতিষ্ঠান-এর মাধ্যমে অনলাইনে আবেদনপত্র গ্রহণ এবং যোগ্যতা অনুযায়ী আবেদনপত্র যাচাই-বাছাই করবে। আবেদনের সাথে প্রার্থীদের নিকট হতে সরকার নির্ধারিত হারে ফি গ্রহণ করবে।

৫। পেট্রোবাংলার ১৩তম-২০তম গ্রেডের কর্মচারি নিয়োগের ক্ষেত্রে বাছাইকৃত চাকরি প্রার্থীদের যোগ্যতা যাচাইয়ের জন্য কমিটি নিজস্ব ব্যবস্থাপনায় লিখিত পরীক্ষা গ্রহণ করবে।

৬। লিখিত পরীক্ষা শেষে কমিটি প্রতি পদের বিপরীতে মোট ০৩টি খামে সিলগালা অবস্থায় ফলাফল নিম্নরূপভাবে সংরক্ষণ করবে:

৬.১। ১ম খামে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্যপদের বিপরীতে ১:৬ হারে উত্তীর্ণ শীর্ষ পরীক্ষার্থীদের ফলাফল শুধুমাত্র রোল নম্বরের ক্রমানুসারে থাকবে। উল্লেখ্য, শেষোক্ত উত্তীর্ণ প্রার্থীর প্রাপ্ত নম্বর একাধিক প্রার্থী প্রাপ্ত হলে তাদের সকলকে উক্ত তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে। ১ম খামের এ তালিকায় প্রার্থীদের নাম, মেধাক্রম ও প্রাপ্ত নম্বরের উল্লেখ থাকবে না;

৬.২। ২য় খামে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূন্য পদের বিপরীতে উত্তীর্ণ পরীক্ষার্থীদের ফলাফল মেধাক্রমের ভিত্তিতে নাম, রোল নম্বর ও প্রাপ্ত নম্বরসহ উল্লেখ থাকবে;

৬.৩। ৩য় খামে লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী সকল প্রার্থীর ক্রমভিত্তিক রোল নম্বর, নাম ও প্রাপ্ত নম্বর উল্লেখ থাকবে।

৭। জুনিয়র সিলেকশন কমিটি ১ম খামে প্রাপ্ত তালিকার ভিত্তিতে লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ করবে। পরবর্তীতে মৌখিক পরীক্ষা গ্রহণের পর টেবুলেশনের সময় সিলগালাযুক্ত ২য় ও ৩য় খাম উন্মুক্ত করবে।

৮। ১৩তম-২০তম গ্রেডে সরাসরি কর্মচারি নিয়োগের জন্য প্রার্থীদের মূল্যায়ন পদ্ধতি:

৮.১। পূর্ণমান : ১০০ নম্বর
৮.২। সার্বিক বিবেচনায় উত্তীর্ণ হওয়ার ন্যূনতম মান : ৫০%

৯। নম্বর বন্টন:

৯.১। নম্বর বন্টন পদ্ধতি:

| ক্রমিক নম্বর | বিবরণ | নম্বর |
|---|---|---|
| ১। | লিখিত পরীক্ষা | ৭৫ |
| ২। | শিক্ষাগত যোগ্যতা | ১০ |
| ৩। | মৌখিক পরীক্ষা | ১৫ |
| | মোট = | ১০০ |

৯.২। প্রশাসন, অর্থ ও কারিগরি ক্যাডারে নিম্নোক্ত বিষয়সমূহের ওপর মোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষা হবে, যার ৫০% হবে পাশ নম্বর। পরবর্তীতে উক্ত লিখিত পরীক্ষার নম্বর ৭৫ নম্বরের সমমানে মূল্যায়ন করা হবে। লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক মানবন্টন হবে নিম্নরূপ:

| ক্রমিক নম্বর | বিবরণ | নম্বর |
|---|---|---|
| ১। | বাংলা | ২৫ |
| ২। | ইংরেজী | ২৫ |
| ৩। | গণিত | ২৫ |
| ৪। | সাধারণ জ্ঞান ও বিষয় ভিত্তিক | ২৫ |
| | মোট = | ১০০ |

৯.৩। শিক্ষাগত যোগ্যতার ১০ নম্বর বিভাজন বা নম্বর বন্টনের পদ্ধতি:

(ক) **প্রশাসনিক ও অর্থ বিষয়ক পদ:**

ক.১। স্নাতক পাস যোগ্যতার ক্ষেত্রে:

| **পরীক্ষার নাম** | **গ্রেড** | | |
|---|---|---|---|
| | **জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব** | **জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম** | **জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম** |
| এসএসসি বা সমমান | ৩ | ২ | ১ |
| এইচএসসি বা সমমান | ৩ | ২ | ১ |
| **পরীক্ষার নাম** | **সিজিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব** | **সিজিপিএ ২.২৫ থেকে ৩.০০ এর কম** | **সিজিপিএ ২.০০ থেকে ২.২৫ এর কম** |
| স্নাতক বা সমমান | ৪ | ৩ | ২ |

ক.২। এইচএসসি পাস যোগ্যতার ক্ষেত্রে:

| **পরীক্ষার নাম** | **গ্রেড** | | |
|---|---|---|---|
| | **জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব** | **জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম** | **জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম** |
| এসএসসি বা সমমান | ৪ | ৩ | ২ |
| এইচএসসি বা সমমান | ৬ | ৪ | ২ |

ক.৩। এসএসসি পাস যোগ্যতার ক্ষেত্রে:

| **পরীক্ষার নাম** | **গ্রেড** | | |
|---|---|---|---|
| | **জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব** | **জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম** | **জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম** |
| এসএসসি বা সমমান | ১০ | ৭ | ৪ |

(খ) **কারিগরি বিষয়ক পদ:**

খ.১। এইচএসসি/ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারীদের ক্ষেত্রে:

| **পরীক্ষার নাম** | **গ্রেড** | | |
|---|---|---|---|
| | **জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব** | **জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম** | **জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম** |
| এসএসসি বা সমমান | ৪ | ৩ | ২ |
| এইচএসসি বা সমমান/ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং | ৬ | ৪ | ২ |

খ.২। এসএসসি পাস যোগ্যতার ক্ষেত্রে:

| **পরীক্ষার নাম** | **গ্রেড** | | |
|---|---|---|---|
| | **জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব** | **জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম** | **জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম** |
| এসএসসি বা সমমান | ১০ | ৭ | ৪ |

বি. দ্র.: কোন পদের জন্য যাচিত প্রয়োজনীয় ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত যোগ্যতার জন্য কোন নম্বর প্রাপ্য হবেনা।

৯.৪। বিদেশী বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (equivalence certificate)-এর ভিত্তিতে নম্বর গণনা করতে হবে। পাশাপাশি 'ও' লেভেল এবং 'এ' লেভেলে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে ইউজিসি বা শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (equivalence certificate) এর ভিত্তিতে নম্বর গণনা করতে হবে।

৯.৫। মৌখিক পরীক্ষার ১৫ নম্বর বন্টনের পদ্ধতি:

| ক্রমিক নম্বর | বিবরণ | নম্বর |
|---|---|---|
| ১। | ব্যক্তিত্ব ও প্রবণতা | ৫ |
| ২। | সংশ্লিষ্ট বিষয়ে জ্ঞান | ৫ |
| ৩। | সাধারণ জ্ঞান | ৫ |
| | মোট = | ১৫ নম্বর |

*মৌখিক পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর ৫০%।

৯.৬। ব্যবহারিক পরীক্ষা:

৯.৬.১। সাঁট-মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর ইত্যাদি

| ইংরেজি সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|
| সাঁটলিপি | | | | | | | |
| ৭০ শব্দ | ৪৫ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| কম্পিউটার মুদ্রাক্ষর | | | | | | | |
| ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

৯.৬.২। কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের কম্পিউটার মুদ্রাক্ষর গতি, নম্বর ইত্যাদি-

| ইংরেজি সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|
| ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

১০। সাঁট-মুদ্রাক্ষরিক ও কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ব্যবহারিক পরীক্ষা বিশেষায়িত প্রতিষ্ঠান গ্রহণ এবং মূল্যায়ন করবে।

১১। জুনিয়র সিলেকশন কমিটি ১৩তম - ২০তম গ্রেডে প্রার্থী বাছাইয়ে পদভিত্তিক মৌখিক পরীক্ষা গ্রহণ করবে।

১২। জুনিয়র সিলেকশন কমিটি প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর, শিক্ষাগত যোগ্যতার নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার নম্বর যোগ করে চূড়ান্ত মেধাতালিকা প্রণয়ন করবে। কমিটি অপেক্ষমান তালিকা প্রণয়নের বিষয়ে সরকারি বিধি-বিধান অনুসরণ করবে। কমিটি উক্ত মেধাতালিকা অনুসারে প্রার্থীদের শূন্যপদের বিপরীতে পেট্রোবাংলায় নিয়োগের সুপারিশ করবে।

১৩। অসুবিধা দূরীকরণ:

এ নীতিমালা প্রয়োগের ক্ষেত্রে কোনো অসুবিধা দেখা দিলে, পেট্রোবাংলা পরিচালনা পর্ষদ এ নীতিমালার অন্যান্য বিধানাবলির সাথে সঙ্গতি রেখে উক্ত বিধানের স্পষ্টীকরণ বা ব্যাখ্যা প্রদানপূর্বক পরবর্তী করণীয় সম্পর্কে নির্দেশনা প্রদান করবে।

২০/০৮/২০২৫

মোঃ রেজানুর রহমান
চেয়ারম্যান
বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)